



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩৮.২০২১/২২৬৮/৮

তারিখ: ২৬/১২/২০২১ খ্রি:

বিষয়ঃ বরগুনা জেলার আমতলী উপজেলাধীন উত্তর সোনাখালী স্কুল এন্ড কলেজে বিধি-বহির্ভূতাবে ০৬ জন শিক্ষক-কর্মচারী নিয়োগের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: মাউশিঅ এর এমপিও সভার স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৬৭.২০১৮-১৪৫৮; তারিখ: ০১/১২/২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার আমতলী উপজেলাধীন উত্তর সোনাখালী স্কুল এন্ড কলেজের নিম্নবর্ণিত ০৬ জন শিক্ষক-কর্মচারীর অনলাইনে এমপিওভুক্তির আবেদনে ভূয়া কাগজপত্র সংযোজনের বিষয়ে তদন্ত কমিটি প্রতিবেদন দাখিল করেনঃ

ক্র:নং	নাম ও পদবী	পদবী	মন্তব্য
০১.	জনাব মোঃ নাসির উদ্দিন	প্রভাষক (কম্পিউটার)	
০২.	জনাব মোহাম্মদ গোলাম গাউছ	প্রভাষক (পৌরনীতি)	
০৩.	জনাব মোঃ সোলায়মান	প্রভাষক (হিসাববিজ্ঞান)	
০৪.	জনাব মোঃ আমিনুর রহমান	প্রভাষক (ইসলামি শিক্ষা)	
০৫.	জনাব আছমাউল হুসনা	অফিস সহকারী	
০৬.	মো: ফোরকান মিয়া	অফিস সহায়ক	

তদন্ত কমিটির প্রতিবেদন এবং মাউশি অধিদপ্তরের এমপিও কমিটির ০১/১২/২০২১ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক উল্লিখিত ০৬ (ছয়) জন শিক্ষক-কর্মচারীর নিয়োগ বাতিলপূর্বক মাউশি অধিদপ্তরকে অবহিত করার এবং কলেজে বিধি মোতাবেক শিক্ষক নিয়োগের জন্য এনটিআরসিএ-তে চাহিদা প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায়, বরগুনা জেলার আমতলী উপজেলাধীন উত্তর সোনাখালী স্কুল এন্ড কলেজের বর্ণিত ০৬ জন শিক্ষক-কর্মচারীর নিয়োগ বাতিলপূর্বক মাউশি অধিদপ্তরকে অবহিত করা এবং কলেজে বিধি মোতাবেক শিক্ষক নিয়োগের জন্য এনটিআরসিএ-তে চাহিদা প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Alauddin 23.12.21

(মোঃ আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল : ncollege@dshe.gov.bd

১. অধ্যক্ষ

উত্তর সোনাখালী স্কুল এন্ড কলেজ
আমতলী, বরগুনা।

২. সভাপতি, পরিচালনা পরিষদ

উত্তর সোনাখালী স্কুল এন্ড কলেজ
আমতলী, বরগুনা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল;
- ২। জেলা শিক্ষা অফিসার, বরগুনা (পত্রটি অধ্যক্ষ এবং গভর্নিং বডি'র সভাপতি কর্তৃক প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ);
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আমতলী, বরগুনা (পত্রটি অধ্যক্ষ এবং গভর্নিং বডি'র সভাপতি কর্তৃক প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ);
- ৪। জনাব-----, প্রভাষক (-----)/অফিস সহকারী/অফিস সহায়ক, উত্তর সোনাখালী স্কুল এন্ড কলেজ, আমতলী, বরগুনা।
- ৫। সংরক্ষণ কপি।